

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা শাখা
www.sid.gov.bd

নং- ৫২.০২১.০২০.০০.০০.৫১২.২০১২-৩৮৫

তারিখ: ২৯ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ

বিজ্ঞপ্তি

চলতি ২০১৫-১৬ অর্থবছরে গৃহ নির্মাণ/গৃহ মেরামত/মোটর গাড়ী/মোটর সাইকেল ও কম্পিউটার অগ্রিম ক্রয় বাবদ ঋণ ও অগ্রিম প্রদানের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা হলোঃ

০১। গৃহ নির্মাণ অগ্রিম ঋণ গ্রহণের ক্ষেত্রে স্থায়ী কর্মকর্তা/কর্মচারী হতে হবে। তবে ৫ (পাঁচ) বৎসর চাকুরী সম্পন্ন হয়েছে এমন অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণও আবেদন করতে পারবেন। এক্ষেত্রে ২ জন সমপদমর্যাদা অথবা উচ্চ পদমর্যাদা সম্পন্ন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ১৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জামানত পত্র দাখিল করতে হবে।

০২। সরকারি নিয়ম মোতাবেক গৃহ নির্মাণের জন্য ক্রয়কৃত/বায়নাকৃত জমির মালিকানা ও অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি দাখিল করতে হবে। যারা ইতোপূর্বে গৃহ নির্মাণ অগ্রিম গ্রহণ করেছেন তারা পুনরায় এ অগ্রিম পাওয়ার যোগ্য হবেন না।

০৩। যারা পূর্বে গৃহ নির্মাণ অগ্রিম গ্রহণ করেছেন এবং সমুদয় অর্থ পরিশোধ করেছেন তারা সিএও অফিস কর্তৃক ইস্যুকৃত বিমোচনপত্র দাখিল সাপেক্ষে গৃহ মেরামত অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন।

০৪। যে সকল স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন ৬,০০০/ (ছয় হাজার) টাকা তদুর্ধ্ব, তারা মোটর গাড়ী অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন। তবে ৫ বছর চাকুরী সম্পন্ন হয়েছে এমন স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে ২ জন সমপদমর্যাদা অথবা উচ্চ পদমর্যাদা সম্পন্ন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ১৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জামানত দাখিল করতে হবে।

০৫। যে সকল স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন ২,০০০/ (দুই হাজার) টাকা তদুর্ধ্ব, তারা মোটর সাইকেল অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন। তবে ৫ বছর চাকুরী সম্পন্ন হয়েছে এমন স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে ২ জন সমপদমর্যাদা অথবা উচ্চ পদমর্যাদা সম্পন্ন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ১৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জামানত দাখিল করতে হবে।

০৬। বেতনস্কেল অনুসারে সকল ১ম শ্রেণীর এবং ২য় শ্রেণীর স্থায়ী কর্মকর্তাগণ কম্পিউটার অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন। তবে কোন অস্থায়ী কর্মকর্তা কম্পিউটার অগ্রিম পাওয়ার যোগ্য হবেন না। আবেদনপত্রের সাথে অবশ্যই ২ জন স্থায়ী কর্মকর্তা কর্তৃক ১৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জামানতপত্র দাখিল করতে হবে। কোন সরকারি কর্মকর্তা একবার কম্পিউটার অগ্রিম ঋণ গ্রহণের পরবর্তী ১০ (দশ) বছরের মধ্যে পুনরায় কম্পিউটার অগ্রিম ঋণের জন্য আবেদন করতে পারবেন না।

০৭। কম্পিউটার চালনায় ন্যূনপক্ষে প্রশিক্ষণ নেই এমন কোন দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার অনুকূলে কম্পিউটার অগ্রিম মঞ্জুর করা হবে না। কম্পিউটার অগ্রিমের জন্য দাখিলযোগ্য আবেদনপত্রের সাথে অগ্রিম গ্রহণে ইচ্ছুক দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাকে এ মর্মে অঙ্গীকার নামা প্রদান করতে হবে যে, 'কম্পিউটার অগ্রিম গ্রহণের পরও গৃহিত সকল অগ্রিম পরিশোধের মাসিক কিস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার মূল বেতনের এক-তৃতীয়াংশের অধিক হবে না।'

চলমান পাতা-২